দৈনিক ইনকিলাব
তারিখ ... 06 JAN 1989 ...
পৃষ্ঠা ... কলাম ...3...

ডকুমেন্টেশন কেন্দ্র

03

# শিক্ষাঙ্গন

## শাহবাজপুর বিদ্যালয়ের সমস্যা

মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলার শাহবাজপুর দ্বিপাক্ষিক উচ্চ বিদ্যালয় আজ নানা সমস্যার সম্মুখীন। ১৯৪৭ সালে এ বিদ্যালয়টি প্রতষ্ঠিত হয়। শুরু থেকে এ বিদ্যালয়ের ছাতর-ছাত্রীরা মাধ্যমিক পরীক্ষায় ভালো ফলাফল করে থাকলেও বর্তমানে নানা সমস্যায় জর্জরিত থাকায় ফলাফলের হার অত্যন্ত নীচে নেমে এসেছে। শিক্ষক স্বল্পতাই এর জন্য মুখ্যতঃ দায়ী। ৭শ ছাত্র-ছাত্রীর জন্য প্রধান শিক্ষকসহ মাত্র ৯ জন শিক্ষক রয়েছেন যা প্রয়োজনের তুলনায় নিতান্তই নগণ্য। বিজ্ঞান বিভাগে একজন শিক্ষক রয়েছেন, ফলে বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীরা পুরোপুরি শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। পরীক্ষাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাব রয়েছে। ক্রমবর্ধমান ছাত্র-ছাত্রী বৃদ্ধির ফলে কয়েক বছর আগে বিদ্যালয়টি পুনঃ নির্মাণ করা হলেও এখনো স্থানসংকুলান সমস্যা রয়েছে। ছাত্রীদের জন্য ছোট একটি মিলনায়তন থাকলেও ছাত্রদের কোন মিলনায়তন নেই। খেলাধুলার সরঞ্জামের অভাব রয়েছে। খেলাধুলার জন্য একটি মাঠ থাকলেও তা অনুপযোগী হয়ে আছে।

এতসব সমস্যা ছাড়াও লাইব্রেরীতে প্রয়োজনীয় বই ও বৈদ্যুতিক পাখা না থাকায় ছাত্র-শিক্ষক সবাইকে দারুণ দুর্ভোগ পোহাতে হচ্ছে। উল্লেখিত সমস্যাগুলো সমাধানের লক্ষ্যে কর্তৃপক্ষের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা জরুরী হয়ে পড়েছে।

—নূরুল ইসলাম শেফুল